

ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় আবারও পরীক্ষা পিছিয়েছে, শিক্ষার্থীরা ক্ষুব্ধ

ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি •

ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডিপ্লোমা) আবারও এক সত্তাহ পরীক্ষা পেছানো হয়েছে। গতকাল মঙ্গলবার ছাত্রলীগের এক পক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষকদের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ নিয়ে টানা তিন সত্তাহ পরীক্ষা পেছানো হলো। সাধারণ শিক্ষার্থীরা এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন। ছাত্রলীগের অপর পক্ষও পরীক্ষা পেছানোর বিরোধিতা করেছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানায়, ১৬ ফেব্রুয়ারি থেকে শিক্ষার্থীদের পরীক্ষা হওয়ার কথা ছিল; কিন্তু ১৪ ফেব্রুয়ারি খাবারে বিঘ্নিতকায় শতাধিক শিক্ষার্থী অসুস্থ হওয়ায় পরীক্ষা এক সত্তাহ পেছানো হয়। এরপর ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের কারণে প্রথম পরীক্ষাটি স্থগিত করা হয়। দুই দফা পরীক্ষা পেছানোর পর আগামী ২ মার্চ থেকে পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। কিন্তু

গতকাল ছাত্রলীগের স্যামিউল পক্ষের কর্মীরা কর্তৃপক্ষের কাছে আবেদন করে দুই সত্তাহ পরীক্ষা পেছানোর দাবি করেন। এরপর শিক্ষকরা শ্রেণী প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। ওই বৈঠকে যেটি ২৪ জন শ্রেণী প্রতিনিধির মধ্যে মতামত উল্লিখিত ছিলেন। উপস্থিত শ্রেণী প্রতিনিধিরা পরীক্ষা এক সত্তাহ পেছানোর প্রস্তাব দেন।

সাধারণ শিক্ষার্থীরা ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, 'তড়িকবেগে ছাত্রলীগ কর্মীর কাছে আমরা জিঁহি হয়ে পড়েছি। তাঁদের কারণে করবার পরীক্ষা পেছানোর ফলে পড়ালেখায় ঝিকমতো মনোনিবেশ করতে পারছি না।

ছাত্রলীগের অপর পক্ষের নেতা মাসুম জাহান, 'সংঘর্ষের পর ক্যাম্পাসে সভাবিক অবস্থা স্বাভাবিক রাখতে শিক্ষকদের সঙ্গে দেখা করেছি। তাঁদের কথামতো নতুন করে কোনো সারামাফি করব না এমন সিদ্ধান্তও নিয়েছি। এর পরও কর্তৃপক্ষ যুটীমত শিক্ষার্থীর স্বার্থে পরীক্ষা পেছান। এতে ছাত্রলীগের ভারবৃদ্ধি কুন্ন হচ্ছে। ছাত্রলীগের অপর পক্ষের স্যামিউল

বলেন, 'আমরা শিক্ষকদের কাছে পরীক্ষা পেছানোর কোনো দাবি জানাইনি। শুধু বলেছি, আমরা কয়েকজন খুব অসুস্থ। এ মুহূর্তে পরীক্ষায় অংশ নিতে পারব না।

ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. মো. নঈম শেখ জানান, যারবার পরীক্ষা পেছানোর ফলে শিক্ষার্থীদের কতি হচ্ছে এটা ঠিক। তবে তারা অসুস্থ তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে শ্রেণী প্রতিনিধিদের সঙ্গে কথা বলে মানবিক দৃষ্টিকোণ থেকে পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সংবাদ